

ওবিষ্যৎ প্রজন্মের স্বার্থে গড়ে তুলুন দূষণমুক্ত পৃথিবী

বিভিন্ন ধরনের পরিবেশ দূষণ বর্তমান যুগে আমাদের সামনে কঠিন সমস্যার সৃষ্টি করেছে। এই পরিস্থিতি কিন্তু একদিনে তৈরি হয়নি। প্রাকৃতিক নিয়মগুলিকে অগ্রাহ্য করে মানুষ আধুনিক জীবনের ক্রমবর্ধমান ও জটিল চাহিদার সামাল দিতে নানাভাবে প্রকৃতির কাজে হস্তক্ষেপ করেছে। উন্নততর জীবনযাত্রার প্রয়োজনে মাটি, জল, অরণ্য ও খনিজ সম্পদকে অবাধে মানুষ ব্যবহার করেছে—অতি ব্যবহারের ফলে যে ক্ষতি তা পূরণের ব্যবস্থা না করেই। ফলশ্রুতি হিসেবে এই গ্রহে আমাদের অস্তিত্ব আজ বিপন্ন।

অবাধ বৃক্ষচ্ছেদন, কলকারখানার বর্জ্য পদার্থ ঢেলে নদীর নির্মল স্রোতকে সূক্ষ্ম করা, যানবাহন ও কারখানা থেকে নিঃসৃত বিষাক্ত গ্যাস এবং ধোঁয়া ও ককর্শ উচ্চগ্রামের শব্দ আমাদের পরিবেশ দূষণের শিকার করে তুলেছে।

কিন্তু আমরা কি সম্ভাব্য এই বিপদ সম্বন্ধে অবহিত ?

যদি এই অবস্থা চলতে থাকে তাহলে অচিরেই পৃথিবী থেকে অরণ্য লুপ্ত হয়ে যাবে, খরা এবং বন্যার কবলে পড়বে পৃথিবী, প্রাণী ও উদ্ভিদজগতের অসংখ্য প্রজাতি চিরদিনের মত বিলুপ্ত হবে, আমাদের এই সুন্দর গ্রহের বাতাস হয়ে পড়বে নিঃশ্বাস নেবার অযোগ্য। এবং এ সমস্তই ঘটবে আমাদের অপরিণামদর্শিতা, হেলাভ ও প্রাকৃতিক সম্পদের ক্রমবর্ধমান চাহিদার জন্য।

উন্নয়নমূলক কাজকর্ম আমাদের চালিয়ে যেতে হবে। কিন্তু তা করতে হবে প্রাকৃতিক ভারসাম্যের হানি না ঘটিয়ে। নিষেধমূলক আইনের যথাযথ প্রয়োগ এবং আধুনিক প্রযুক্তিবিদ্যার সাহায্যে আমরা এই বিপদের মোকাবিলা করতে পারি।

পরিবেশ সংরক্ষণের কাজে ব্রতী হতে হবে আমাদের সকলকেই। প্রস্তুত হতে হবে দূষণমুক্ত পৃথিবী গড়ার উদ্দেশ্যে দীর্ঘস্থায়ী সংগ্রামের জন্য।

পশ্চিমবঙ্গ সরকার

আপনার পারিবারিক ও ব্যক্তিগত স্বার্থে বিবাহ রেজিস্ট্রেশন প্রয়োজন

পরিবারের প্রত্যেকটি বিবাহ অবশ্যই রেজিস্ট্রী করান দরকার।
কারণ, অধুনা ব্যবহারিক জীবনের প্রতিক্ষেত্রে বিবাহের প্রমাণপত্র
একান্ত প্রয়োজন

আপনাকে বিবাহ রেজিস্ট্রেশন কিভাবে সাহায্য করিতে পারে তা দেখুন:—

- (১) বর্তমান সূন্দ্যের দিনে রেজিস্ট্রী বিবাহে খরচ অতি সামান্য।
- (২) ইহা জঘন্য পণ-প্রথা নিবারণে সাহায্য করে।
- (৩) সম্পত্তি সংক্রান্ত বা উত্তরাধিকার সূত্রে প্রাপ্য দাবী নিশ্চিতকরণে বিবাহ
সার্টিফিকেট এক অতি মূল্যবান দলিল।
- (৪) খোরপোশের দাবী, ছুটনাঅনিত ক্ষতিপূরণের টাকা, ব্যাংক, ইন্সিওরেন্স,
প্রভিডেন্ট ফান্ড প্রভৃতি ওয়ারিশ সূত্রে প্রাপ্য টাকা তোলার ব্যাপারে
বিবাহ সার্টিফিকেট আপনার বিশেষ প্রয়োজন।
- (৫) পাশপোর্ট সংক্রান্ত ব্যাপারে ইহা বিশেষ প্রয়োজনীয়।
- (৬) বহুবিবাহ এবং শিশু-বিবাহের মত প্রাচীন সামাজিক কু-প্রথা দূরীকরণে
রেজিস্ট্রী বিবাহের গুরুত্ব অপরিমিত।
- (৭) রেজিস্ট্রী বিবাহ দাম্পত্য জীবনে অধিক নিরাপত্তার আশ্বাস দেয়।

এ ব্যাপারে বিশদ বিবরণের জন্য নিকটস্থ সাবরেজিস্ট্রী অফিসে অথবা
কলিকাতার মহাকরণের এনং ব্লকের নীচতলায়, রেজিস্ট্রার জেনারেল অফ
বার্ধন, ডেপুটি এ্যাণ্ড ম্যানেজমেন্ট অফিসে যোগাযোগ করুন।

পশ্চিমবঙ্গ সরকার

জাতীয় ঐক্য ও সংহতি সুদৃঢ় করুন

বহু জাতি, সম্প্রদায়, ভাষা ও ধর্মের সমন্বয়ে গঠিত আমাদের দেশ। আমাদের জাতীয় ঐক্য ও সংহতি বিনষ্ট করবার জন্য নানা বিত্তেদকামী শক্তি দেশের বিভিন্ন স্থানে সক্রিয়। এই পরিস্থিতিতে জাতীয় সংহতি ও স্বাধীনতাকে সুদৃঢ় ও সংরক্ষিত করার দায়িত্ব আমাদের সকলের। সুতরাং জাতিগত ভাষা ও ধর্ম সংক্রান্ত বিরোধ, আঞ্চলিক সমস্যা এবং বৈষম্য তথা রাজনৈতিক ও অর্থনৈতিক অভিযোগের মীমাংসা শান্তিপূর্ণ ও সাংবিধানিক পথেই করতে হবে। এই সকল সমস্যা ঘাতে জাতীয় সংহতি ও স্বাধীনতাকে বিপন্ন না করে সৈদিকে আমাদের বিশেষ লক্ষ্য রাখতে হবে।

—পশ্চিমবঙ্গ সরকার

আই সি এ ৪ ৬০/৫৯

নিশ্চিত সাফল্য

১ টাকার বিনিময়ে
সপ্তাহের প্রতি বুধবার
পশ্চিমবঙ্গ রাজ্য লটারী দিচ্ছে



প্রথম পুরস্কার

১,৫০,০০০ টাকা

আরও হাজার হাজার পুরস্কার

প্রতি বুধবার পূর্ব নির্দিষ্ট স্থানে, নির্দিষ্ট সময়ে খেলা হয়।

আপনার সাদর আমন্ত্রণ।

আরো জানবার জন্য :

অধিকর্তা

পশ্চিমবঙ্গ রাজ্য লটারী

৬৯ গনেশচন্দ্র অ্যাভিনিউ কলকাতা-৭০০ ০১৩ ফোন : ২৬ ৪৬৮৮/২৬ ৪৬৮৯



আমরা গড়বো বক্রেস্বর

ভারতীয় সাধারণতন্ত্রের ৩৯ বছর পার হলেও ব্যর্থ পরিকল্পনা এবং অসম উন্নয়নের ফলে দেশের বিভিন্ন প্রান্তে জন্ম হচ্ছে ক্ষোভ, মাথা তুলছে বিচ্ছিন্নতাবাদী শক্তি।

এই প্রবণতা রুখতে পারে সুসম্মত আঞ্চলিক বিকাশ। সেই লক্ষ্য সম্মুখে রেখে পশ্চিমবঙ্গের বায়ফ্রন্ট সরকার কেন্দ্র রাজ্য সম্পর্কের পুনর্বিদ্যাসের সংকল্পে অবিচর।

বক্রেস্বর তাপ বিদ্যুৎ প্রকল্প এই সংকল্পেরই প্রতীক। সপ্তম যোজনায় অনুমোদিত হওয়া সত্ত্বেও কেন্দ্রীয় সরকার ইতিমধ্যেই এই প্রকল্পের কাজ থেকে হাত গুটিয়ে নিয়েছে। তবু জনগণের রক্তে, ঘামে ও-প্রকল্প বাস্তবায়িত হবেই।

বক্রেস্বর তাপ বিদ্যুৎ প্রকল্প কেবলমাত্র একটি বিদ্যুৎ প্রকল্প নয়, এটি পশ্চিমবঙ্গের মানুষের আত্মমর্যদার প্রতীক।

সব বন্ধনা ও বৈষম্যের বিরুদ্ধে আমরা গড়বো বক্রেস্বর

এই হোক ওবারের প্রজাতন্ত্র দিবসের সংগ্ৰামী শপথ।

পশ্চিমবঙ্গ সরকার

জি.ই.সি.এ ৪৫২/৮৯

Rs. Three only

Editor: SAROJ MUKHOPADHAYA
Office: Muzaffar Ahmad Bhaban, 31, Alimuddin Street.
Calcutta-16